

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) প্রথম বর্ষের বিজ্ঞান অনুষদভুক্ত 'সি' ইউনিটের চতুর্থ মেধাতালিকা প্রকাশ করা হয়েছে। গতকাল মঙ্গলবার রাতে এ ফলাফল প্রকাশ করা হয়।

'সি' ইউনিটের ভর্তি পরীক্ষার সমন্বয়ক অধ্যাপক ড. মো. সাহেদ জামান স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

advertisement 3

বিজ্ঞপ্তিতে জানানো হয়, বিজ্ঞান, কৃষি, প্রকৌশল, জীববিজ্ঞান, ভূ-বিজ্ঞান, ফিশারিজ, ভেটেরিনারি অ্যান্ড অ্যানিমেল সায়েন্সেস অনুষদের ২০২১-২২ শিক্ষাবর্ষের বি.এসসি/বি.ফার্ম/বি.এসসি. এজি. ডি.ভি.এম./বি.এসসি. ইঞ্জিনিয়ারিং ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ ও পছন্দক্রম জমা দেওয়া শিক্ষার্থীদের মধ্যে থেকে শূন্য আসনের ভিত্তিতে চতুর্থ মেধাতালিকা ও অপেক্ষমান তালিকা প্রকাশ করা হয়েছে।

advertisement 4

উত্তীর্ণ প্রার্থীদের আগামী ১৪ ও ১৫ সেপ্টেম্বর সকাল ১০টা থেকে বিকেল ৩টার মধ্যে ভর্তি প্রক্রিয়ার প্রাথমিক কাজ শেষ করে কাগজপত্র যাচাই-বাছাইয়ের জন্য কনফারেন্স রুম, বিজ্ঞান অনুষদ, কক্ষ নম্বর ৪০১ এবং কুদরত এ খুদা একাডেমিক ভবনে উপস্থিত হতে হবে।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়েছে, নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি হতে না পারলে 'সি' ইউনিটে তাদের প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে এবং অন্য কোনো বিভাগেও ভর্তির সুযোগ থাকবে না। শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান বিভাগের ভর্তি প্রক্রিয়া এর সমান্তরালে চলবে এবং এর জন্য পৃথক নোটিশ দেওয়া হয়েছে।

ভর্তি সংক্রান্ত যে কোনো তথ্য জানতে অফিস চলাকালীন সকাল ৮টা থেকে বিকেল ৩টা পর্যন্ত বিজ্ঞান অনুষদে এই ০৭২১ ৭১১১১৫ বা ০১৩০৩-২১০৩৩৬ নম্বরে যোগাযোগ করা যেতে পারে। অনলাইন ভর্তি ফরম পূরণ সংক্রান্ত কারিগরি সমস্যার জন্য হেল্পলাইন নম্বর ০১৭০৩-৮৯৯৯৭৩।

পরবর্তী সময়ে আসন শূন্য হওয়া সাপেক্ষে শুধুমাত্র ভর্তি হওয়া ছাত্র-ছাত্রীদের বিভাগ পছন্দের ক্রমানুসারে স্বয়ংক্রিয়ভাবে বিভাগ পরিবর্তন করা হবে। এজন্য প্রার্থীকে বিশ্ববিদ্যালয়ে আসতে হবে না। নোটিশের মাধ্যমে জানানো হবে।